

💵 পর্দা একটি ইবাদত

বিভাগ/অধ্যায়ঃ কুরাআন ও হাদীস থেকে পর্দার দলীল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

দ্বিতীয়তঃ হাদীস থেকে পর্দার দলীল:

প্রথম দলীল: সহীহ বুখারী ও মুসলিমে রয়েছে উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু বলেন, হে আল্লাহর রাসূল! আপনার স্ত্রীদেরকে পর্দা করতে বলুন, আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, এরপর আল্লাহ পর্দার আয়াত অবতীর্ণ করেন। সহীহ বুখারী ও মুসলিমে এ বর্ণনাও রয়েছে যে, উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, হে আল্লাহর রাসূল, যদি আপনি মুমিনদের জননীদেরকে পর্দার আদেশ দিতেন; এরপর আল্লাহ পর্দার আয়াত অবতীর্ণ করেন।

দ্বিতীয় দলীল: ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করে বলেন, "নারীরা হলো গোপনীয় বস্তু।" (তিরমিয়ী এবং এটিকে আলাবনী সহীহ বলেছেন)

তৃতীয় দলীল: ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহু সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি অহংকারবশতঃ স্বীয় কাপড় টাখনুর নিচে রাখলো কিয়ামতের দিন আল্লাহু তার দিকে দৃষ্টিপাত করবেন না। অতঃপর উন্মে সালামা রাদিয়াল্লাহু আনহা বলেন, তবে মহিলারা তাদের নিমাংশের ঝালরের ব্যাপারে কী করবে? তিনি বলেন, এক বিঘত (গোছার নিচে) ঝুলিয়ে দিবে, উন্মে সালামা বলেন, তবে এতে তাদের পা বেরিয়ে থাকবে, তিনি বলেন, তবে তা (গোছার নিচে) এক হাত ঝুলিয়ে দিবে এর বেশি করবে না।" (আবু দাউদ ও তিরমিয়ী এবং তিনি বলেন, হাদীসটি হাসান-সহীহ)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9537

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন